সংবাদ

তারিখ ... SEP. 11 2006
পৃষ্ঠা ৩ কলাম ৭

# শেকৃবির পঞ্চম প্রতিষ্ঠা বার্ষিকীতে নানা আয়োজন

• শেকৃবি সংবাদদাতা

আজ সোমবার শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট বিলুপ্ত হয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় আত্মপ্রকাশ করে। এ উপলক্ষে দিনব্যাপী বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানের মধ্যে রয়েছে সকাল ১১টায় শোভাযাত্রা, আলোচনা সভা। এছাড়া সাংস্কৃতিক সন্ধ্যা ও আবাসিক হলগুলোতে আলোকসজ্জা এবং প্রীতিভোজের ব্যবস্থা করা হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, ১৯৩৮ সালের ১১ ডিসেম্বর কৃষক দরদি নেতা ও তদানীন্তন পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী শেরেবাংলা একে ফজলুল হক দেশের উচ্চতর কৃষি শিক্ষার এ প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করেন। 'দি বেঙ্গল এগ্রিকালচারাল ইনস্টিটিউট' নামে এর যাত্রা শুরু হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের একটি ইনস্টিটিউট হিসেবে। ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর ইনস্টিটিউটের একাডেমিক দায়িত্ব ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ের ওপর এবং প্রশাসনিক দায়িত্ব বাংলাদেশ কৃষি গবেষণার ওপর ন্যস্ত হয়। স্বাধীনতার পর প্রতিষ্ঠানটির নামকরণ করা হয় বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট। ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় ২০০০ সালে ওই ইনস্টিটিউটের শিক্ষার্থীদের বৈষম্যমূলক সার্টিফিকেট দেয়ায় তীব্র আন্দোলনের সূত্রপাত হয়। এ আন্দোলনের জের ধরে ২০০১ সালের ৬ জানুয়ারি ইনস্টিটিউটের হীরক জয়ন্তী অনুষ্ঠানে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐতিহাসিক ঘোষণার মধ্য দিয়ে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার কাজ এগিয়ে চলে। একই বছরের ১১ সেপ্টেম্বর একটি স্বায়ত্তশাসিত বিশ্ববিদ্যালয় হিসেবে এর আত্মপ্রকাশ ঘটে।